



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/৬৫/৪/চট্টগ্রাম-২৯১


তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪২৮  
১৬ নভেম্বর ২০২১

**বিষয়: বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন ছদাহা আদর্শ মহিলা দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্তকৃত) জনাব মীর মুহাম্মদ রাহমাতুল্লাহ এডহক কমিটির সভাপতি বেলাল উদ্দিনের বিরুদ্ধে অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় সভাপতি বেলাল উদ্দিনকে করোনাকালীন সময়ে ফুলের মালা দিয়ে বরণ না করার কারণে সুপারকে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে অভিযোগে উল্লেখ করেছেন। এমতাবস্থায়, সুপারের সাময়িক বরখাস্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য উভয় পক্ষের মুখোমুখি শুনানী করা প্রয়োজন।

বর্ণিত অবস্থায় সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব মীর মুহাম্মদ রাহমাতুল্লাহ এর অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে সাময়িক বরখাস্তকৃত সুপার, ভারপ্রাপ্ত সুপার ও এডহক কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সকলকে আগামী ০৭.১২.২০২১ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ৯.৩০ মিনিটে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশ গ্রহণপূর্বক স্ব স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৬.১১.২০২১


মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

- সভাপতি,  
ছদাহা আদর্শ মহিলা দাখিল মাদ্রাসা, সাতকানিয়া, চট্টগ্রাম;
- ভারপ্রাপ্ত সুপার,  
ছদাহা আদর্শ মহিলা দাখিল মাদ্রাসা, সাতকানিয়া, চট্টগ্রাম;
- জনাব মীর মুহাম্মদ রাহমাতুল্লাহ (সাময়িক বরখাস্তকৃত সুপার),  
ছদাহা আদর্শ মহিলা দাখিল মাদ্রাসা, সাতকানিয়া, চট্টগ্রাম;

  
২৬/১১/২০২১

নং-বামাশিবো/প্রশাসন/৬৫/৪/চট্টগ্রাম-২৯১

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪২৮  
১৬ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জেলা প্রশাসক, চট্টগ্রাম;
- জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম;
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম;
- পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- অফিস কপি।


  
২৬/১১/২১

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

  
২৬/১১/২০২১